# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 11.09.2024 Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১) স্বাস্থ্য ভবনের সামনে অবস্থানে বসা আন্দোলনকারীদের সঙ্গে রাজ্য সরকারের আলোচনার প্রস্তাব এবং পাল্টা প্রস্তাব নিয়ে দিনভর টানাপোড়েন চললেও আর জি কর কান্ড নিয়ে অচলাবস্থা কাটেনি।

প্রতিবাদী জুনিয়ার ডাক্তারদের খোলা মনে আলোচনায় বসার আবেদন জানিয়েছে রাজ্য সরকার।

অন্যদিকে আন্দোলনকারীদের বক্তব্য, শর্তের বিষয়টি আপেক্ষিক। অবস্থান চালিয়ে যাচ্ছেন তাঁরা।

২) চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের তদন্তে সিবিআই আর জি কর-এর চার ইন্টার্নকে ফের জেরা করেছে।

সন্দীপ ঘোষের স্ত্রী ও ঘনিষ্ঠকে জেরা করেছে ইডি।

৩) স্বাস্থ্য ক্ষেত্রে উদ্ভুত পরিস্থিতির প্রেক্ষিতে আগামীকাল মেডিকেল কলেজের অধ্যক্ষ ও সুপারদের সঙ্গে প্রস্তাবিত বৈঠক স্থগিত রাখা হয়েছে।

৪) বিচারকদের আবাসনে দুষ্কৃতি হামলা এবং পুলিশী নিষ্ক্রিয়তার অভিযোগে কলকাতা হাইকোর্টে তিন বিচারক চিঠি পাঠানোর পর শুরু হয়েছে পুলিশী তৎপরতা ।

৫) কলকাতা মেট্রোর আজ পরীক্ষামূলকভাবে শুরু হলো QR টিকেটিং ব্যবস্থা।

oooooooooooooooooooooo

আর জি কর কান্ডের প্রতিবাদে স্বাস্থ্য ভবনের সামনে অবস্থানে বসা আন্দোলনকারীদের সঙ্গে রাজ্য সরকারের আলোচনার প্রস্তাব এবং পাল্টা প্রস্তাব নিয়ে দিনভর টানাপোড়েন চললেও অচলাবস্থা কাটেনি।

নবান্নে আজ সন্ধ্যায় মুখ্য সচিব মনোজ পন্থ সাংবাদিকদের জানান, শর্ত রাখা হলে আলোচনার সুষ্ঠু পরিবেশ থাকে না। সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে জুনিয়ার ডাক্তাররা কাজে ফিরবেন এবং নিঃশর্ত আলোচনায় বসে সমস্যা মেটানোয় উদ্যোগী হবেন বলে আশাপ্রকাশ করেন তিনি। মুখ্য সচিব বলেন, আন্দোলনকারীদের কাছ থেকে তাঁরা আলোচনার ব্যাপারে যে জবাব পেয়েছেন, তাতে তারা হতাশ।

(বাইট – মনোজ পন্থ)

রাজ্য পুলিশের মহা নির্দেশক রাজীব কুমারও আন্দোলনকারীদের আলোচনার পরিবেশ তৈরি করার আবেদন জানিয়ে বলেছেন, আন্দোলন যাতে পথভ্রষ্ট না হয়, তা দেখতে হবে।

(বাইট – রাজীব কুমার)

মুখ্য সচিব ও ডিজির সঙ্গে সাংবাদিক বৈঠকে উপস্থিত ছিলেন মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। বৈঠক নিয়ে আন্দোলনকারীরা নানা শর্ত আরোপ করার পিছনে রাজনৈতিক অভিসন্ধি আছে বলে তিনি অভিযোগ করেন। কাজে যোগ না দিলে আন্দোলনকারীদের বিরুদ্ধে কোন ব্যবস্থা নেওয়া হবে কিনা সে প্রশ্নের সরাসরি উত্তর এড়িয়ে গেলেও স্বাস্থ্য প্রতিমন্ত্রী জানান, এব্যাপারে সুপ্রিম কোর্ট স্পষ্ট নির্দেশ দিয়েছেন, তা কার্যকর করা সকলেরই কর্তব্য।

(বাইট – চন্দ্রিমা)

এদিকে, সরকারের পক্ষ থেকে সাংবাদিক বৈঠকের পরই জুনিয়ার ডাক্তারদের পক্ষে কিঞ্জল নন্দ বলেন, এই আন্দোলনে কোন রাজনৈতিক রঙ নেই। কোনটা শর্ত আর কোনটা আলোচনা সেটা পুরোটাই আপেক্ষিক।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এর আগে জুনিয়ার ডাক্তারদের সঙ্গে আলোচনায় বসতে চেয়ে রাজ্যের মুখ্য সচিবের পাঠানো চিঠির জবাবে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্টের তরফে, শর্ত সাপেক্ষে আলোচনায় যোগ দেওয়ার প্রস্তাব দিয়ে মুখ্য সচিবকে চিঠি পাঠানো হয়। অবিলম্বে কাজে যোগ দেবার আবেদন জানানোর পাশাপাশি মুখ্য সচিব মনোজ পন্থ, আজ সন্ধে ৬-টায় আন্দোলনকারীদের ১২ থেকে ১৫ জনের একটি দলকে নবান্নে আসতে অনুরোধ করেন। জবাবে ফ্রন্টের পক্ষ থেকে ৩০ জন প্রতিনিধি থাকার এবং যে পাঁচটি মূল দাবি নিয়ে তাদের অবস্থান বিক্ষোভ কর্মসূচী, বৈঠকে সেগুলি নিয়ে আলোচনার দাবি জানানো হয়। বৈঠক হলে তার সরাসরি সম্প্রচার এবং মুখ্যমন্ত্রীর উপস্থিতির দাবিও জানান তাঁরা। দিনভর এনিয়ে চলে টানাপোড়েন। পরবর্তী কর্মসূচী নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত, পরে নেওয়া হবে বলেও জানান আন্দোলনরত জুনিয়ার ডাক্তাররা।

গতকাল দুপুর থেকে স্বাস্থ্য ভবনের সামনে তাঁরা অবস্থান চালিয়ে যাচ্ছেন। সঙ্গে রয়েছেন সমাজের বিভিন্ন স্তরের বহু সাধারণ মানুষ। আন্দোলনের প্রতি সমর্থন জানিয়ে অনেকেই খাবার-দাবার, পানীয় জল পাঠাচ্ছেন। বায়ো টয়লেটের ব্যবস্থা করে দিয়েছে একাধিক সংগঠন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

বর্ধমান মেডিকেল কলেজ হাসপাতালের এম এস ভি পি এবং ডিন, এই দুটি গুরুত্বপূর্ণ পদে থাকা ডাক্তার তাপস ঘোষের অবিলম্বে অপসারণের দাবিতে আজ জুনিয়ার ডাক্তার ও মেডিকেল পড়ুয়াদের একাংশ অধ্যক্ষ মৌসুমী ব্যানার্জীকে ঘেরাও করেন। বিক্ষোভকারীদের অভিযোগ, কর্তৃপক্ষের মদতে এই মেডিকেল কলেজে নানা অনিয়ম চলছে। বীরুপাক্ষ বিশ্বাসের মতো লোকেরা যথেচ্ছাচার করেছেন। গেস্টহাউস, ক্যান্টিনে হয়েছে নানা অপকর্ম। এর দায় ডিন হিসেবে তাপস ঘোষ এড়াতে পারেন না। পছন্দের ছাত্রদের বেশি নম্বর পাইয়ে দেওয়া, অবৈধভাবে পাস-ফেল, ছাত্রদের কাছ থেকে টাকা নেওয়ার সিন্ডিকেটরাজ চলছে।

অন্যদিকে, অধ্যক্ষ জানান, হুমকি সংস্কৃতি নিয়ে পড়ুয়াদের অভিযোগ তদন্ত কমিটির বিবেচনাধীন। পড়ুয়াদের দাবি মেনে জরুরী ভিত্তিতে কলেজ কাউন্সিলের বৈঠক ডাকা হয়েছে। তাছাড়া, এম এস ভি পি হবার আগেই ডাক্তার তাপস ঘোষ ডিন হিসেবে দায়িত্ব পালন করতেন। এর মধ্যে বেশ কয়েকবার সেই দায়িত্ব ছাড়তে চেয়েছিলেন তিনি। কিন্তু কোন সমস্যা হয়নি বলে তাঁকে ওই পদ ছাড়তে বারণ করা হয়। এই অ্যাকাডেমিক সেশনে তাঁর পদ ছাড়া সম্ভবও নয়। কি করা যায় তা নিয়েই কলেজ কাউন্সিলের সভা ডাকা হয়েছে।

তবে, জুনিয়ার ডাক্তাররা জানিয়ে দিয়েছেন, কর্তৃপক্ষ দাবি না মানা পর্যন্ত তাদের আন্দোলন চলবে।

এদিকে, আই এম এ-র মালদা শাখার সভাপতি পদ থেকে ডাক্তার তাপস চক্রবর্তীকে সরিয়ে দেওয়া হয়েছে। তাঁর জায়গায় অন্তর্বর্তী সভাপতি হয়েছেন ডাক্তার সায়ন্তন গুপ্ত।

উল্লেখ্য, আর জি কর হাসপাতালের চিকিৎসক পড়ুয়া তরুণীর ধর্ষণ ও খুনের ঘটনা প্রকাশ্যে আসার পর সেমিনার হলের ভাইরাল ভিডিও-য় অন্যদের সঙ্গে তাপস চক্রবর্তীকেও দেখা গিয়েছিল। পশ্চিমবঙ্গ মেডিকেল কাউন্সিলের সদস্য ডাক্তার চক্রবর্তী অবশ্য তাঁর অপসারণকে অসাংবিধানিক বলে দাবি করেছেন।

তথাকথিত উত্তরবঙ্গ লবি-র প্রভাবশালী মুখ হিসেবে পরিচিত আই এম এ-র জলপাইগুড়ি শাখার সম্পাদক সুশান্ত রায়কে সাসপেন্ড করেছে আই এম এ পশ্চিমবঙ্গ।

oooooooooooooooooooooo

স্বাস্থ্য ক্ষেত্রে উদ্ভূত পরিস্থিতির মোকাবিলায় নবান্নে আগামীকালের প্রস্তাবিত বৈঠক আপাতত স্থগিত রাখা হচ্ছে। আগামীকাল দুপুর একটায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির

পৌরহিত্যে ওই বৈঠক ডাকা হয়েছিল। রাজ্যের সব মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ও হাসপাতাল সুপারদের সেখানে যোগ দিতে বলা হয়েছিল। থাকার কথা ছিল জেলা ও রাজ্যের স্বাস্থ্য কর্তাদের। সিনিয়র এবং জুনিয়র ডাক্তারদের প্রতিনিধিদেরও ডাকা হয়েছিল বৈঠকে। স্বাস্থ্যসচিব নরায়ণস্বরূপ নিগম আজ এক বিজ্ঞপ্তি জারি করে ওই বৈঠক স্থগিত রাখার কথা জানিয়েছেন। মেডিক্যাল কলেজগুলিতে জরুরি কাজ চলায় বৈঠক পিছিয়ে দেওয়া হচ্ছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। আগামী সপ্তাহে সেটি হতে পারে। এজন্য দিন-ক্ষণ পরে জানানো হবে।

oooooooooooooooooooooo

আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনার তদন্তে আজ সিবিআই সিজিও কমপ্লেক্সে ওই হাসপাতালের চার ইন্টার্নকে ফের জেরা করেছে। ঘটনার দিন নির্যাতিতার সঙ্গে এরা ডিউটি করছিলেন। এর আগে সিবিআই আরও এক ইন্টার্নকে জেরা করে।

হাসপাতালের আর্থিক দুর্নীতির অভিযোগকারী প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলিকে আজ ইডি ফের জিজ্ঞাসাবাদ করে। তাঁর অভিযোগের ভিত্তিতেই হাইকোর্ট, এই দুর্নীতির তদন্তভার কেন্দ্রীয় সংস্থাকে দেয়। একই সঙ্গে আজ সিজিও কমপ্লেক্সে হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের স্ত্রী সঙ্গীতা এবং ব্যক্তিগত সহায়ক, সিবিআই-এর হাতে ধৃত প্রসূন চট্টোপাধ্যায়কেও ইডি জেরা করছে।

অন্যদিকে, আর্থিক দুর্নীতি কান্ডে ধৃত সন্দীপ ঘোষকে প্রেসিডেন্সি জেলে পাঠানো হয়েছে। ওই জেলেই চিকিৎসক ধর্ষণ ও হত্যার ঘটনায় ধৃত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়কে আজ জেরা করে সিবিআই আধিকারিকরা।

oooooooooooooooooooooo

বিজেপি, চলতি বছরের জানুয়ারি থেকে আগস্ট পর্যন্ত রোগী মৃত্যুর পরিসংখ্যান নিয়ে শ্বেতপত্র প্রকাশের দাবি জানিয়েছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সাধারণ সম্পাদক অগ্নিমিত্রা পাল বলেন, জুনিয়র ডাক্তারদের আন্দোলনে ২৩ জন রোগীর মৃত্যু হয়েছে বলে মুখ্যমন্ত্রীর বক্তব্য অসত্য। উৎসবে ফেরার যে বার্তা দিয়েছেন মুখ্যমন্ত্রী, সে প্রসঙ্গে শ্রীমতি পাল বলেন, উৎসবের অর্থ আনন্দ করা। বর্তমান পরিস্থিতিতে সেই উৎসব সম্ভব নয়। প্রতিবছরের মত এবারও দুর্গাপূজা হবে। পাশাপাশি আন্দোলনও চলবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ডের প্রতিবাদে জুনিয়ার ডাক্তারদের আন্দোলন স্বতঃস্ফূর্ত। অরাজনৈতিক এই আন্দোলনে তারা রাজনৈতিক রং লাগাতে চান না বলে বিজেপি-র রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য জানিয়েছেন। শিলিগুড়িতে আজ সাংবাদিকদের কাছে তিনি অভিযোগ করেন, আর জি কর-এর মতো উত্তরবঙ্গ মেডিকেল কলেজেও প্রাতিষ্ঠানিক দুর্নীতির শিকড় অনেক গভীরে।

এদিকে, থ্রেটকালচারে অভিযুক্ত পাঁচ পড়ুয়ার বিরুদ্ধে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ কর্তৃপক্ষের কড়া পদক্ষেপের সিদ্ধান্ত বদল নিয়ে প্রশ্ন উঠেছে। তদন্ত কমিটির রিপোর্টের ভিত্তিতে তাদের বহিষ্কার করা হলেও আজ জানানো হয়, ৬ মাসের জন্য সাসপেন্ড করা হয়েছে তাদের। এই সিদ্ধান্ত বদল, কোনো চাপের কাছে নতি স্বীকার কিনা, সেই প্রশ্ন তুলেছেন অনেকেই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ডের প্রতিবাদে আন্দোলন চালিয়ে যাওয়া জুনিয়ার ডাক্তারদের পাশে তাঁর দল রয়েছে বলে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। এই ঘটনার ন্যায় বিচারের দাবীতে পূর্ব কলকাতা সংলগ্ন রাজারহাট চৌমাথায় চলা দুদিনের অনশন আন্দোলনে যোগ দিয়ে তিনি বলেন, রাজ্য জুড়ে চলা এই

আন্দোলন, অরাজনৈতিক ও স্বতঃস্ফূর্ত সাধারণ মানুষের আন্দোলন। পশ্চিমবঙ্গে রেশন, শিক্ষা ক্ষেত্রে দুর্নীতির সঙ্গেই চিকিৎসা ও ডাক্তারি শিক্ষা ব্যবস্থায় দুর্নীতি যুক্ত হয়েছে। আর জি কর কান্ডে মুখ্যমন্ত্রীর ভূমিকার কড়া সমালোচনা করেন তিনি।

oooooooooooooooooooooo

বিচারকদের আবাসনে দুষ্কৃতি হামলা এবং পুলিশী নিষ্ক্রিয়তার অভিযোগে কলকাতা হাইকোর্টে চিঠি পাঠিয়েছিলেন দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবার জেলা আদালতের তিন বিচারক। আজ সকালে বিষয়টি নিয়ে তোলপাড় শুরু হলে পুলিশ তৎপর হয়ে ওঠে। স্বতঃপ্রণোদিতভাবে এফ আই আর দায়ের করে তদন্ত শুরু হয়েছে বলে জানিয়েছেন, পুলিশ সুপার রাহুল গোস্বামী। অভিযুক্ত পুলিশ আধিকারিককে ক্লোজ করা হয়েছে। সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখছেন তদন্তকারীরা। অভিযোগ, গত রবিবার গভীর রাতে ডায়মন্ডহারবারের বিচারকদের ওই আবাসনে দুই দুষ্কৃতি জোর করে ঢোকার চেষ্টা করে। থানায় খবর দেওয়ার পর দেরি করে পুলিশ আসে বলে অভিযোগ। ওই আধিকারিকের বিরুদ্ধে দুষ্কৃতিদের মদত দেওয়ার অভিযোগ করেছেন বিচারকরা। পুলিশ সুপার বলেছেন, দোষীরা কেউই রেহাই পাবে না।

এদিকে, বিচারকদের নিরাপত্তাহীনতা নিয়ে কেন্দ্রীয় আইন ও বিচারমন্ত্রী অর্জুন রাম মেঘওয়ালকে চিঠি দিয়েছেন, বিজেপি রাজ্য সভাপতি, কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তিনি লিখেছেন, পকসো মামলায় রায়ের সঙ্গে এই হামলার যোগ আছে বলে কলকাতা হাইকোর্টের রেজিস্টারকে জানিয়েছেন বিচারক। এই ঘটনা পশ্চিমবঙ্গে বিচারবিভাগের নিরাপত্তা নিয়ে গুরুতর প্রশ্ন তুলে দিয়েছে। অবিলম্বে বিচারকদের সুরক্ষা ও স্বাধীনতা সুনিশ্চিত করার ব্যবস্থা নেওয়ার জন্য কেন্দ্রীয় মন্ত্রীকে আবেদন জানিয়েছেন শ্রী মজুমদার।

oooooooooooooooooooo

কলকাতা মেট্রো রেলে আজ পরীক্ষামূলকভাবে চালু হলো মোবাইল ভিত্তিক ইন্টিগ্রেটেড QR টিকেটিং ব্যবস্থা। নতুন এই টিকিট ব্যবস্থায় মেট্রো যাত্রীরা তাদের সুবিধাজনক সময়ে লাইনে না দাঁড়িয়ে টিকিট কাটতে পারবেন। কলকাতা মেট্রো রেলের জেনারেল ম্যানেজার P. Uday Reddy আজ কালীঘাট মেট্রো স্টেশনে এক অনুষ্ঠানে নতুন এই সিস্টেম ব্যবহার করার জন্য সকলকে গুগল প্লে স্টোর থেকে 'মেট্রো রাইড কলকাতা' অ্যাপ ডাউনলোড করার অনুরোধ জানান।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo